তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd
----

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩৩
২০ জুলাই ২০২৬

**নম্বর:** ২৮.১৩.০০০০.০০০.১২২.০২.০০০৯.২২.১৫৩

**দপ্তরাদেশ নং ২৩/২০২৬**

বিষয়: **গ্রীষ্মকালীন ও শীতকালীন লিভারিজ (পোশাক-পরিচ্ছদ) প্রদান প্রসঙ্গে।**

এতদ্বারা তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর সকল কর্মকর্তা-কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গ্রীষ্মকালীন ও শীতকালীন লিভারিজ (পোশাক-পরিচ্ছদ) প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করা হবে:

১.১। কোম্পানির স্থায়ী পদে কর্মরত কর্মকর্তা/কর্মচারী লিভারিজ (পোশাক-পরিচ্ছদ) প্রাপ্য বলে গণ্য হবেন;

১.২। প্রেষণে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর লিভারিজ (পোশাক-পরিচ্ছদ) প্রাপ্তির ক্ষেত্রে প্রেষণ মঞ্জুরের নিয়মাবলী/শর্তাবলী প্রযোজ্য হবে। তবে সংশ্লিষ্ট অর্থবছরে প্রেষণে বদলীকৃত কর্মস্থল হতে লিভারিজ সুবিধা গ্রহণ করলে প্রেষণ শেষে কোম্পানিতে যোগদানের পর তিনি এ সুবিধা প্রাপ্য হবেন না;

১.৩। লিয়েন-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ সংশ্লিষ্ট অর্থবছরে লিয়েন সময়কাল শেষ হলে যোগদান সাপেক্ষে এ সুবিধা প্রাপ্য হবেন;

১.৪। মানব সম্পদ ডিভিশনের প্রক্ষেপণ অনুযায়ী গ্রীষ্মকালীন লিভারিজ (পোশাক-পরিচ্ছদ)-এর ক্ষেত্রে জুলাই হতে সেপ্টেম্বর মাস পর্যন্ত এবং শীতকালীন লিভারিজ (পোশাক-পরিচ্ছদ)-এর ক্ষেত্রে নভেম্বর হতে জানুয়ারি মাস পর্যন্ত স্থায়ী পদে যোগদানকৃত কর্মকর্তা/কর্মচারীগণ এ সুবিধা প্রাপ্য হবেন;

১.৫। গ্রীষ্মকালীন লিভারিজ (পোশাক-পরিচ্ছদ) প্রদানের সময়কাল জুলাই মাস এবং শীতকালীন লিভারিজ (পোশাক-পরিচ্ছদ) প্রদানের সময়কাল নভেম্বর মাস বিবেচিত হবে;

১.৬। পার্সোনেল/কর্মী সম্পর্ক বিভাগ হতে গ্রীষ্মকালীন লিভারিজ ( পোশাক-পরিচ্ছদ) প্রাপ্য কর্মকর্তা/কর্মচারীদের তালিকা ৩০শে জুন ও শীতকালীন লিভারিজ (পোশাক-পরিচ্ছদ) ৩১শে অক্টোবর পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য কমন সার্ভিসেস বিভাগে প্রেরণ করতে হবে।

**২।** সংশ্লিষ্ট বিভাগ অবিলম্বে বর্ণিত নির্দেশনা বাস্তবায়ন করবে এবং এতদসংক্রান্ত পূর্ববর্তী সকল নির্দেশনা এতদসঙ্গে বাতিল করা হলো;

**৩।** যথাযথ কর্তৃপক্ষের অনুমোদরক্রমে এ আদেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

২০-০৭-২০২৬
জিয়াউল হাসান
উপমহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন)
ফোন : ৫৫০১২৭০৯
ইমেইল : titasgas.adm@gmail.com

নম্বর: ২৮.১৩.০০০০.০০০.১২২.০২.০০০৯.২২.১৫৩/১ (১১)

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩৩
২০ জুলাই ২০২৬

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাব্যবস্থাপক (কারিগরি)- সকল।।
২। মহাব্যবস্থাপক (হিসাব)- সকল।।
৩। মহাব্যবস্থাপক (সাধারণ) - সকল।।
৪। উপমহাব্যবস্থাপক (সাধারণ)- সকল।
৫। উপমহাব্যবস্থাপক (হিসাব)- সকল।
৬। উপমহাব্যবস্থাপক (কারিগরি)- সকল।
৭। ব্যবস্থাপক (কারিগরি)- সকল।
৮। ব্যবস্থাপক (সাধারণ)- সকল।
৯। ব্যবস্থাপক (হিসাব)- সকল।
১০। ব্যবস্থাপক (একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
১১। অফিস কপি।

২০-০৭-২০২৬
জিয়াউল হাসান
উপমহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন)